শুন     নলিনী, খোলো গো আঁখি—
ঘুম      এখনো ভাঙিল না কি !
দেখো, তোমারি দুয়ার-'পরে
সখী,    এসেছে তোমারি রবি ॥
শুনি    প্রভাতের গাথা মোর
দেখো ভেঙেছে ঘুমের ঘোর,
জগত উঠেছে নয়ন মেলিয়া নূতন জীবন লভি ।
তবে    তুমি কি সজনী জাগিবে নাকো,
আমি যে তোমারি কবি ॥
প্রতিদিন আসি, প্রতিদিন হাসি,
প্রতিদিন গান গাহি—
প্রতিদিন প্রাতে শুনিয়া সে গান
ধীরে ধীরে উঠ চাহি ।
আজিও এসেছি, চেয়ে দেখো দেখি
আর তো রজনী নাহি ।
আজিও এসেছি, উঠ উঠ সখী,
আর তো রজনী নাহি ।
সখী,    শিশিরে মুখানি মাজি
সখী,    লোহিত বসনে সাজি
দেখো   বিমল সরসী-আরশির 'পরে অপরূপ রূপরাশি ।
থেকে থেকে ধীরে হেলিয়া পড়িয়া
নিজ মুখছায়া আধেক হেরিয়া
ললিত অধরে উঠিবে ফুটিয়া শরমের মৃদু হাসি ॥

---

Parjaay: Prem O Prakriti, SL no. - 9, Taal: Khemta, Raag: Lalit

Visit www.geetabitan.com for notation and other detail